দৈনিক সংবাদ

…বার, ১৪ই ভাদ্র, ১৩৯৪

31 AUG 1987
তারিখ ...
পৃষ্ঠা ... ২ ... ৪

046

## সিন্ডিকেটের সভা

# ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার আগে ক্যাম্পাস অস্ত্রমুক্ত করতে হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বলেছে, বিশ্ববিদ্যালয় প্রশাসনের একার পক্ষে ক্যাম্পাস অস্ত্রমুক্ত করার দায়িত্ব পালন সম্ভব নয়। কেননা প্রশাসনের হাতে তেমন কোন ক্ষমতা নেই। সিন্ডিকেট এ ব্যাপারে সরকার ও আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতার ওপর গুরুত্ব আরোপ করেছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

গত শনিবার অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় আগামী মাসের শেষ সপ্তাহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে কথাবার্তা হয়েছে।

সভায় বিশ্ববিদ্যালয় খোলার আগে ক্যাম্পাস অস্ত্রমুক্ত করা এবং গত ১৪ ও ১৫ই জুলাইয়ের ঘটনাবলীর পুনরাবৃত্তিরোধ নিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করা হয়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এ ব্যাপারে শিগগিরই সরকারী মহলের সাথে সাক্ষাৎ করার বিষয়টি সভায় অনুমোদিত হয়েছে। সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যে অনুষ্ঠেয় এই সভায় ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারী ও বহিরাগতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে সরকারের সহযোগিতা চাওয়া হবে।

সভায় গত ১৪ ও ১৫ই জুলাইয়ের ঘটনার ব্যাপারে আইন প্রয়োগকারী সংস্থাকে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান হয়। সভায় দুঃখ প্রকাশ করে বলা হয় যে, ওই ঘটনায় দু'জন ছাত্র এবং একজন রিক্সাচালক খুন হবার একমাস পরও আইন প্রয়োগকারী সংস্থা প্রকৃত ঘটনা উদ্ঘাটন, অপরাধীদের চিহ্নিত করা ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার মত অপরিহার্য পদক্ষেপগুলো নিয়েছে কি না তা বিশ্ববিদ্যালয় জানে না।

একটি সূত্র জানিয়েছে, ইতিপূর্বে গঠিত সন্ত্রাস সম্পর্কিত বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটি সন্ত্রাস সৃষ্টিকারীদের চিহ্নিত করার ব্যাপারে সাক্ষ্য-প্রমাণের অভাবে তেমন এগুতে পারেনি বলে সভায় জানান হয়েছে।

## শিক্ষার সামগ্রিক পুনর্বিন্যাসের আহ্বান

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত এক সেমিনারে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার সামগ্রিক পুনর্বিন্যাসের আহ্বান জানান হয়েছে।

'বাংলাদেশের শিক্ষা ও শিক্ষা পদ্ধতি' শীর্ষক বছরব্যাপী সেমিনারের এই অষ্টম অধিবেশনটি গত শুক্রবার অধ্যাপক হায়াৎ মামুদের সভাপতিত্বে ইডেন কলেজে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রবন্ধ পড়েন ডঃ ম, আখতারুজ্জামান এবং প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে সাবেক উপাচার্য ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক এম শামসুল হক এবং ইডেন কলেজের অধ্যক্ষা জাহানারা হক।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন ডঃ আবদুল মতিন, ডঃ এআর,খান, অধ্যাপক তৌহিদুল আনোয়ার অধ্যাপিকা রাজিয়া বেগম এবং অধ্যাপক আলী আনোয়ার।